তারিখ 12 JAN 2017
পৃষ্ঠা ৬ কলাম 2

# নন-এমপিও শিক্ষকদের কর্মসূচিতে পুলিশি বাধা

■ সমকাল প্রতিবেদক

সরকারি বিধি অনুযায়ী স্বীকৃতিপ্রাপ্ত সব শিক্ষাপ্রতিষ্ঠানকে অবিলম্বে এমপিওভুক্তকরণসহ ছয় দফা দাবিতে নন এমপিও শিক্ষকদের অবস্থান কর্মসূচিতে বাধা দিয়েছে পুলিশ।

গতকাল বুধবার জাতীয় প্রেস ক্লাবের সামনে সকাল ৮টা থেকে অবস্থান কর্মসূচিতে শিক্ষকরা জড়ো হতে থাকলে পুলিশ তাদের ব্যানার ও মাইক কেড়ে নেয়। পরে ঢাকা জেলা প্রশাসকের অনুমতি নিয়ে দুপুর সাড়ে ১২টা থেকে বিকেল ৪টা পর্যন্ত অবস্থান কর্মসূচি পালন করেন নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ফেডারেশন। তাদের অন্য দাবিগুলো হলো– শিক্ষাব্যবস্থা জাতীয়করণ, শিক্ষাপ্রতিষ্ঠানের ৫ শতাংশ বার্ষিক প্রবৃদ্ধি, মেডিকেল ভাতা, বৈশাখী ভাতা ও আগের মতো তাদের টাইমস্কেল প্রদান।

আয়োজক সংগঠনের সভাপতি অধ্যক্ষ মো. এশারত আলী বলেন, 'এমপিওভুক্তকরণের দাবি আদায়ের লক্ষ্যে আমরা গতকাল জাতীয় প্রেস ক্লাবের সামনে লাগাতার অবস্থান কর্মসূচি আহ্বান করেছিলাম। সে অনুযায়ী এদিন সকাল ৮টা থেকেই আন্দোলনরত

■ পৃষ্ঠা ১৩ : কলাম ৩

## নন-এমপিও

[তৃতীয় পৃষ্ঠার পর]

শিক্ষকরা প্রেস ক্লাবের সামনে আসতে থাকেন। কিন্তু পুলিশ অনুমতি না থাকা এবং ব্যস্ততম স্থানের কথা বলে আমাদের অবস্থান কর্মসূচিতে বাধা দেয়। পুলিশ এ সময় আমাদের মাইক ও ব্যানার নিয়ে যায়। পরে অবস্থান কর্মসূচির অনুমতির জন্য আমরা ঢাকা জেলা প্রশাসকের কাছে যাই এবং লিখিত আবেদন করি। জেলা প্রশাসক অনুমতি দিয়ে শাহবাগ থানাকে টেলিফোনে জানান। দুপুর ১২টা থেকে বিকেল ৪টা পর্যন্ত এ কর্মসূচির অনুমতি দেওয়া হয়েছে।

সাধারণ সম্পাদক অধ্যক্ষ ড. বিনয় ভূপন রায় বলেন, 'এমপিওভুক্তির ঘোষণা না আসা পর্যন্ত শত বাধার মুখেও আমরা আন্দোলন চালিয়ে যাব।' তিনি এমপিওভুক্তির বিষয়ে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেন।